

৬৫

ইসলামী বিশ্ববিদ্যালয়ের  
ছাত্রলীগ ও ছাত্রদলের চার  
শীর্ষ নেতাকে নোটিস

ইসলামী বিশ্ববিদ্যালয়, সংবাদ-  
দাতা II ক্যাম্পাসে রাজনৈতিক কর্ম-  
কাণ্ডের উপর আরোপিত অনিদিষ্ট-  
কালের নিষেধাজ্ঞা অমান্য করিয়া  
(১১শ পৃঃ ডঃ)

ইসলামী বিশ্ববিদ্যালয়ের  
(৩য় পৃঃ পর)

ছাত্রদল এবং ছাত্রলীগ কর্তৃক গত  
৮/১০ দিন যাবৎ পৃথক দাবীতে  
বিক্ষোভ, প্রতিবাদ সমাবেশ, ভাইস  
চ্যান্সেলরের কার্যালয় ও জনসংযোগ  
অফিস ভাঙচুর করিয়া নাজুক পরিস্থিতি  
সৃষ্টি করায় উক্ত দুই সংগঠনের শীর্ষ  
চার নেতাকে প্রতিক্রিয়াল কমিটি কারণ  
দর্শাও নোটিস প্রদান করিয়াছে। এই  
চার নেতাকে ক্যাম্পাসের আইন-  
শৃংখলা পরিস্থিতির অবনতির দায়ে  
কেন তাহাদের বিরুদ্ধে আইনানুগ  
ব্যবস্থা নেওয়া হইবে না, এই মর্মে  
আগামী এক সপ্তাহের মধ্যে প্রতিক্রি-  
য়াল কমিটির নিকট লিখিত  
জবাব জমা দিতে বলা হইয়াছে।

এইদিকে ভাইস চ্যান্সেলর প্রফেসর  
কায়েস উদ্দিন গত ৮ ফেব্রুয়ারী ছাত্র-  
দল কর্তৃক জনসংযোগ অফিস ভাঙ-  
চুরের ঘটনা তদন্তের জন্য হিসাব  
বিজ্ঞান বিভাগের একেএম মনিরু-  
জ্জামানকে আহ্বায়ক করিয়া তিন  
সদস্যের এবং গত ২০ ফেব্রুয়ারী  
ছাত্রলীগ কর্তৃক ভিসি'র কার্যালয়  
ভাঙচুরের ঘটনা তদন্তের জন্য অর্থ-  
নীতি বিভাগের প্রফেসর মোহাম্মদ  
মামুনকে আহ্বায়ক করিয়া অপর  
একটি তিন সদস্যের কমিটি গঠন  
করিয়াছেন। উক্ত দুই কমিটিকে  
যথা শীঘ্রই ঘটনার তদন্ত করিয়া  
প্রকৃত দোষীদের চিহ্নিতকরণ ও  
তাহাদের বিরুদ্ধে শাস্তির সুপারিশ  
সম্বলিত রিপোর্ট ভিসি'র নিকট  
জমা দিতে বলা হইয়াছে।